উদাহরণ : • বাষ্পীয় ইঞ্জিন (দক্ষতা 20% থেকে 25%)
• পেট্রোল ইঞ্জিন (কর্মদক্ষতা 30%)
• ডিজেল ইঞ্জিন
Ans : B.

48. কোন বস্তু আলোর গতিতে চললে এর ভর কত হয়?

- A. অর্ধেক B. শূন্য C. অসীম D. দ্বিগুণ

$$\text{ব্যখ্যা : } m = \frac{m_0}{\sqrt{1 - \frac{v^2}{c^2}}} = \frac{m_0}{\sqrt{1 - 1}} = \infty$$

Ans : C.

49. 4 μF এর একটি ধারককে 9.0V ব্যাটারি দ্বারা আহিত করলে কি পরিমাণে শক্তি সঞ্চিত হবে?

- A. $1.62 \times 10^{-2} \text{ J}$ B. $16.2 \times 10^{-3} \text{ J}$
C. $1.62 \times 10^{-4} \text{ J}$ D. $1.62 \times 10^3 \text{ J}$

$$\text{ব্যখ্যা : } U = \frac{1}{2} eV^2 = \frac{1}{2} \times 4 \times 10^{-6} \times (9)^2 = 1.62 \times 10^{-4} \text{ J}$$

Ans : C.

50. কাছাকাছি স্থাপিত দুটি পরিবাহীর মধ্যবর্তী স্থানে অন্তরক মাধ্যম রেখে আধানরূপে শক্তি সঞ্চয়ের যান্ত্রিক ব্যবস্থাকে কি বলে?

- A. তড়িৎ কোষ B. ধারক
C. জেনারেটর D. আইপিএস

Ans : B.

51. 1.5V তড়িচ্চালক শক্তি বিশিষ্ট 9টি কোষকে সমান্তরালে সাজিয়ে 1 Ω রোধের সাথে যুক্ত করা হলে বর্তনীতে 1.35A প্রবাহ চলে। প্রতিটি কোষের অভ্যন্তরীণ রোধ কত?

- A. 2 Ω B. 3 Ω C. 4 Ω D. 1 Ω

$$\text{ব্যখ্যা : } I = \frac{nE}{nR + r} \Rightarrow nR + r = \frac{nE}{I}$$

$$\Rightarrow r = \frac{nE}{I} - nR = \frac{9 \times 1.5}{1.35} - 9 \times 1 = 1\Omega$$

Ans : D.

52. G রোধের গ্যালভানোমিটার এবং S রোধের সার্ট হলে, সার্ট গুণক হবে-

- A. S/(G+S) B. (G+S)/S
C. G/(G+S) D. (G+S)/G

$$\text{ব্যখ্যা : } \bullet \text{ সার্ট গুণক} = \frac{G+S}{S} \bullet \text{ গ্যালভানোমিটার গুণক} = \frac{G+S}{G}$$

Ans : B.

53. ডি মরগ্যানের উপপাদ্য কোনটি?

- A. $\overline{XY} = \overline{X+Y}$ B. $\overline{X \oplus Y} = \overline{XY + XY}$
C. $X+Y = \overline{\overline{XY} + \overline{XY}}$ D. $\overline{X+Y} = \overline{X+Y}$

ব্যখ্যা : ডি মরগ্যানের উপপাদ্য :

$$\bullet \overline{XY} = \overline{X+Y} \bullet \overline{X+Y} = \overline{\overline{XY}}$$

Ans : A.

54. একটি কোষের তড়িচ্চালক শক্তি 2V। যখন কোষটি 5A তড়িৎ প্রবাহ গ্রহণ করে এর প্রান্তদ্বয়ের বিভব পার্থক্য 1.8V। কোষের অভ্যন্তরীণ রোধ কত?

- A. 0.04 Ω B. 0.4 Ω C. 0.8 Ω D. 0.08 Ω

$$\text{ব্যখ্যা : } I = \frac{E}{R+r} = \frac{E}{\frac{V}{I} + r} \Rightarrow \frac{V}{I} + r = \frac{E}{I}$$

$$\therefore r = \frac{E}{I} - \frac{V}{I} = \frac{2 - 1.8}{5} = 0.04\Omega$$

Ans : A.

55. কোন স্থানের বিনতি δ হলে ঐ স্থানের ভূ-চৌম্বকক্ষেত্রের উলম্ব উপাংশ V এর মান কত?

- A. $B \sin \delta$ B. $B \cos \delta$ C. $B \tan \delta$ D. $B \cot \delta$

ব্যখ্যা: (i) ভূ-চৌম্বকক্ষেত্রের অনুভূমিক প্রাবল্য,


$$H = B \cos \delta$$

(ii) ভূ-চৌম্বকক্ষেত্রের উলম্ব প্রাবল্য,

$$V = B \sin \delta$$

(iii) মোট প্রাবল্য, $B = \sqrt{H^2 + V^2}$

(iv) বিনতি, $\tan \delta = \frac{V}{H}$



Ans : A.

56. একটি কুন্ডলীর স্বকীয় আবেশ গুণকের মান 10 হেনরি। এতে 6×10^{-2} সেকেন্ডে তড়িৎ প্রবাহ 10A থেকে 7A এ পরিবর্তিত হয়। কুন্ডলীতে আবিষ্ট তড়িচ্চালক শক্তি কত?

- A. 400V B. 500V C. 20V D. 40V

$$\text{ব্যখ্যা : } E = L \frac{dI}{dt} = 10 \times \frac{3}{6 \times 10^{-2}} = 500 \text{ V}$$

Ans : B.

57. একটি উভোত্তল লেন্সের বক্রতার ব্যাসার্ধ যথাক্রমে 15cm এবং 30cm। লেন্সটির ফোকাস দূরত্ব 20cm হলে এর উপাদানের প্রতিসরাংক কত?

- A. 0.15 B. 1.5 C. 2.5 D. 0.25

$$\text{ব্যখ্যা : } \frac{1}{f} = (\mu - 1) \left(\frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)$$

$$\Rightarrow \mu = \frac{1}{f \left(\frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)} + 1 = \frac{1}{20 \left(\frac{1}{15} - \frac{1}{-30} \right)} + 1 = 1.5$$

Ans : B.

58. একটি জটিল অনুবীক্ষণ যন্ত্রের অভিলক্ষ ও অভিনেত্রের বিবর্ধনের পরিমাণ যথাক্রমে m_1 এবং m_2 হলে যন্ত্রের মোট বিবর্ধন কি হবে?

- A. $M = m_1 \times m_2$ B. $M = m_1 + m_2$
C. $M = m_1/m_2$ D. কোনোটিই নয়

ব্যখ্যা : জটিল অনুবীক্ষণ যন্ত্রের বিবর্ধনের সমীকরণ,

$$m = m_o \times m_c = \left(1 - \frac{v_o}{f_o} \right) \left(1 - \frac{v_c}{f_c} \right) = -\frac{v}{u} \left(1 + \frac{D}{f_c} \right)$$

Ans : A.

59. কোনটি নিষ্ক্রিয় মৌল নয়?

- A. Ne B. Zr C. Kr D. Xe

ব্যখ্যা : নিষ্ক্রিয় গ্যাস :

মৌলের নাম	প্রতীক	পারমাণবিক ভর	বাস্প ঘনত্ব	পারমাণবিক সংখ্যা	বহিস্তরে ইলেকট্রন বিন্যাস
হিলিয়াম	He	4	2	2	$1s^2$
নিয়ন	Ne	20	10	10	$2s^2 2p^6$
আর্গন	Ar	39.9	19.4	18	$3s^2 3p^6$
ক্রিপ্টন	Kr	80	40	36	$4s^2 4p^6$
জেনন	Xe	128	64	54	$5s^2 5p^6$
রেডন	Rn	222	-	86	$6s^2 6p^6$

Ans : B.

60. কোনটি উভধর্মী অক্সাইড?

- A. CO B. NO C. PbO D. CaO

ব্যাখ্যা : • উভধর্মী অক্সাইড অম্ল ও ক্ষার উভয়ের সাথে বিক্রিয়া করে লবণ ও পানি উৎপন্ন করে।

• উভধর্মী অক্সাইড গুলো হল- PbO, ZnO, Al₂O₃, SnO, PbO₂

Ans : C.

61. H₂SO₃ এ S এর জারণ সংখ্যা কত?

- A. 3 B. 4 C. 5 D. 6

ব্যাখ্যা : ধরি, S এর জারণ সংখ্যা x

$$\Rightarrow (+1) \times 2 + x + (-2) \times 3 = 0$$

$$\Rightarrow +2 + x - 6 = 0 \Rightarrow x = 4$$

Ans : B.

62. AB যৌগের pK_a = 6, ইহা কত pH হতে পজিটিভ আয়নে পরিণত হওয়া শুরু হবে?

- A. 4 B. 5 C. 6 D. 7

ব্যাখ্যা : • তীব্র অম্লের K_a এর মান বেশি এবং pK_a এর মান কম।

• দুর্বল অম্লের pK_a এর মান কম এবং pK_a এর মান বেশি।

Ans : C.

63. SF₆ এর কোণের মান কত ডিগ্রী?

- A. 107° B. 105° C. 109.5° D. 90°

ব্যাখ্যা : সংকরণ সম্পর্কিত তথ্য :

সংকরণ	সংকরিত অবস্থিতির সংখ্যা	অণুর আকৃতির নাম	বন্ধন কোণ	উদাহরণ
sp	2	সরলরেখিক	180°	BeCl ₂ , C ₂ H ₂ , CO ₂
sp ²	3	ত্রিভুজাকার	120°	BF ₃ , BCl ₃ , C ₂ H ₄ গ্রাফাইট
sp ³	4	চতুস্তলকীয়	109°28'	CH ₄ , CCl ₄ , BH ₄ ⁻ , NH ₄ ⁺ , NH ₂ ⁻ , হীরক
sp ³ d	5	সমতলীয় বর্গাকার	90°	[Cu(NH ₃) ₄] ²⁺
sp ³ d	5	সরলরেখিক	180°	XeF ₂
sp ³ d	5	ত্রিভুজাকার দ্বি-পিরামিডীয়	120°, 90°	PF ₅ , Fe(Co) ₅ , PCl ₅
sp ³ d ²	6	অষ্ট তলকীয় বা বর্গাকার দ্বি-পিরামিডীয়	90°	SF ₆ , SeF ₆ , Cr(Co) ₆ , XeF ₄
sp ³ d ³	7	পঞ্চভুজাকার দ্বি-পিরামিডীয়	72°, 90°	IF ₇ , ReF ₇ , XeF ₆

Ans : D.

64. একটি জলীয় দ্রবণের pOH এর মান 8 হলে দ্রবণটির H⁺ আয়নের ঘনমাত্রা-

- A. 10⁻⁸ molL⁻¹ B. 10⁻⁶ molL⁻¹
C. 10⁻⁴ molL⁻¹ D. 10⁻² molL⁻¹

ব্যাখ্যা : pH + pOH = 14

$$\Rightarrow pH = 14 - pOH = 14 - 8 \Rightarrow pH = 6$$

$$\therefore [H^+] = 10^{-pH} = 10^{-6} \text{ molL}^{-1}$$

Ans : B.

65. CH₃COOH + CH₃COONa দ্রবণের জন্য নিচের কোনটি সঠিক?

- A. pH > pOH B. [OH⁻] = [H⁺]
C. pK_a = 1/pH D. pK_a = 1/K_w

ব্যাখ্যা : দ্রবণটি একটি অম্লীয় বাফার তাই pH > pOH

Ans : A.

66. কাঁচা খাদ্যদ্রব্য সহজে পচনশীল। কারণ-

- (i) অর্ধতা (ii) অণুজীব জন্মায় (iii) চারদিক দূষণের জন্য
A. i & ii B. ii & iii C. i & iii D. i, ii & iii

ব্যাখ্যা : খাদ্যবস্তু নষ্ট হওয়ার প্রধান কারণ মূলত তি। যথা-

- জীবাণু (ব্যাকটেরিয়া, ইস্ট, মোল্ডস) দ্বারা পচন।
- এনজাইম বা উৎসেচকের প্রভাবে রাসায়নিক জারণ বা বিয়োজন।
- দাতব আয়নের প্রভাবে রাসায়নিক বিক্রিয়া।

Ans : A.

67. 2A + B → 3C, ΔH = -450 kJ mol⁻¹ বিক্রিয়াতে যদি B-এর 2 mol বিক্রিয়া করে তবে কত kJ তাপ উৎপাদিত হবে?

- A. 300 kJ B. 900 kJ
C. 675 kJ D. 2700 kJ

ব্যাখ্যা : 2A + B → 3C, ΔH = -450 kJ mol⁻¹

1 mole B দহনে উৎপন্ন হয় 450 kJ mol⁻¹ তাপ

∴ 2 mole B দহনে উৎপন্ন হয় (450 × 2) kJ mol⁻¹ তাপ
= 900 kJ mol⁻¹

Ans : B.

68. যে বিকিরিত রশ্মির তরঙ্গদৈর্ঘ্য 530 nm। এ বিকিরিত রশ্মির কম্পাঙ্ক গণনা কর।

- A. 5.36 × 10¹⁴ s⁻¹ B. 4.26 × 10¹⁴ s⁻¹
C. 5.66 × 10¹⁴ s⁻¹ D. 6.66 × 10¹⁴ s⁻¹

ব্যাখ্যা : কম্পাঙ্ক, $\nu = \frac{c}{\lambda} = \frac{3 \times 10^8}{530 \times 10^{-9}} = 5.66 \times 10^{14} \text{ s}^{-1}$

এখানে, $\lambda = 530 \text{ nm} = 530 \times 10^{-9} \text{ m}$, $c = 3 \times 10^8 \text{ m s}^{-1}$

Ans : C.

69. মোলারিটিতে 5.3% Na₂CO₃ দ্রবণের মাত্রা কত?

- A. 0.50 M B. 0.44 M
C. 0.05 M D. 0.10 M

ব্যাখ্যা : ঘনমাত্রা, $S = \frac{10X}{M} = \frac{10 \times 5.3}{106} = 0.50 \text{ M}$

Ans : A.

70. AuCl₃ দ্রবণের মধ্য দিয়ে 2.5 A বিদ্যুৎ 30 মিনিট ধরে প্রবাহিত করলে কি পরিমাণ Au ক্যাথোডে জমা হবে?

[Au- এর পারমাণবিক ভর 197g]

- A. 9.18 g B. 6.06 g
C. 4.06 g D. 3.06 g

ব্যাখ্যা : $W = \frac{MIt}{nF} = \frac{197 \times 2.5 \times 1800}{3 \times 96500} = 3.06 \text{ g}$

Ans : D.

71. NaCl এর জলীয় দ্রবণ বিদ্যুৎ-

- A. অপরিবাহী B. কুপরিবাহী
C. পরিবাহী D. অর্ধপরিবাহী

ব্যাখ্যা : • সবল বিশ্লেষের উদাহরণ : আয়নিক যৌগ, NaCl, KCl, HCl, H₂SO₄, HClO₄, NaOH, KOH ক্ষার দ্রবণ।

• সবল তড়িৎ বিশ্লেষের জলীয় দ্রবণ তড়িৎ পরিবাহী।

Ans : C.

72. প্যাথলজি পরীক্ষায় রক্তে গ্লুকোজের ঘনমাত্রায় কোন দুটি একক ব্যবহৃত হয়?

- A. মিলিমোল/লিটার ও মিলিগ্রাম/ডেসিলিটার
B. মিলিমিটার/মিলিলিটার ও মিলিগ্রাম/ডেসিলিটার
C. মিলিমোল/লিটার ও মিলিকেকেজি/হেক্টোলিটার
D. কোনটিই নয়

ব্যাখ্যা : গ্লুকোজের ঘনমাত্রায় ব্যবহৃত একক ও প্যাথলজিক্যাল এককের রূপান্তর :

mmol/L → mg/dL	18 দিয়ে গুণ
mg/dL → mmol/L	18 দিয়ে ভাগ

Ans : A.

73. কোন সমীকরণ সঠিক নয়?
 A. $\bar{v} = \frac{1}{\lambda}$ B. $\bar{v} = \frac{c}{\lambda}$ C. $\Delta E = hv$ D. $\Delta E \propto \lambda$

ব্যাখ্যা : সূত্রাবলী :

- তরঙ্গ দৈর্ঘ্য, $\lambda = \frac{c}{\bar{v}}$ ($\lambda =$ কম্পাঙ্ক)
- তরঙ্গ সংখ্যা, $\bar{v} = \frac{1}{\lambda}$
- ভরবেগ, $P = mv = \frac{nh}{2\lambda}$
- প্রাক্টের কোয়ান্টাম সূত্র, $E = hv = h \frac{c}{\lambda}$
- কক্ষপথের ব্যাসার্ধ, $r_n = \frac{n^2 h^2}{4\pi^2 Ze^2 m}$
- ডিব্রাগলির সমীকরণ, $\lambda = \frac{h}{mv} = \frac{h}{P}$
- রিডবার্গের ধ্রুবক নির্ণয়, $\frac{1}{\lambda} = R_H \left(\frac{1}{n_1^2} - \frac{1}{n_2^2} \right)$

Ans : D.

74. কোনটি হেটারোসাইক্লিক যৌগ?
 A. ইথিলিন অক্সাইড B. ফিউরান C. থায়োফিন D. সবগুলো

ব্যাখ্যা : হেটারোসাইক্লিক যৌগ দুই ধরনের। যথা-

- হেটারো অ্যালাইসাইক্লিক যৌগ। যথা: ইথিলিন অক্সাইড ($\text{H}_2\text{O}-\text{CH}_2$)
- হেটারো অ্যারোমেটিক যৌগ। যথা: ফিউরান, থায়োফিন, পাইরল, পিরিডিন।

Ans : D.

75. কোনটি গ্যামাজিনের রাসায়নিক সংকেত?
 A. $\text{C}_6\text{H}_6(\text{O}_3)$ B. $\text{C}_6\text{H}_6\text{Cl}_6$ C. $\text{C}_6\text{H}_5\text{Cl}$ D. $\text{C}_6\text{H}_5\text{NO}_2$


ব্যাখ্যা : আরও কিছু যৌগের প্রচলিত ও রাসায়নিক নাম :

প্রচলিত নাম	রাসায়নিক সংকেত	রাসায়নিক নাম
নীরব ঘাতক	CO	কার্বন মনোক্সাইড
নিশাদল	NH_4Cl	অ্যামোনিয়াম ক্লোরাইড
খাবার সোডা	NaHCO_3	সোডিয়াম বাইকার্বনেট
ফিটকিরি	$\text{K}_2\text{SO}_4 \cdot \text{Al}_2(\text{SO}_4)_3 \cdot 24\text{H}_2\text{O}$	পটাশ এলাম
প্লাস্টার অব প্যারিস	$(\text{CaSO}_4)_2 \cdot \text{H}_2\text{O}$	মনোহাইড্রেট ডাই ক্যালসিয়াম ফসফেট
ব্লু ভিট্রিওল	$\text{CuSO}_4 \cdot 5\text{H}_2\text{O}$	পেন্টা হাইড্রেট কপার সালফেট
গ্যামাজিন	$\text{C}_6\text{H}_6\text{Cl}_6$	বেনজিন হেক্সা ক্লোরাইড
টিয়ার গ্যাস	CCl_3-NO_2	ক্লোরোপিক্রিন
বোরাক্স	$\text{Na}_2\text{B}_4\text{O}_7 \cdot 10\text{H}_2\text{O}$	ডেকা হাইড্রেট সোডিয়াম পাইরো বোর্ট
লাফিং গ্যাস	NO_2	নাইট্রাস অক্সাইড
সবুজ ভিট্রিয়ল	$\text{FeSO}_4 \cdot 7\text{H}_2\text{O}$	হেপ্টা হাইড্রেট আয়রন সালফেট

Ans : B.

76. কোনটি TNT এর ধর্ম নয়?
 A. পানিতে দ্রবণীয় নয় B. গলনাঙ্ক 8.8°C
 C. বিস্ফোরক দ্রব্য D. অর্ধ আবহাওয়ায় সংরক্ষণ করা যায়


ব্যাখ্যা : TNT এর ধর্ম :
 • 2, 4, 6-ট্রাইনাইট্রো টলুইন বা TNT দ্বয়ং হলুদ কঠিন পদার্থ।
 • TNT এর গলনাঙ্ক 81°C ।
 • এটি অত্যন্ত মারাত্মক বিস্ফোরক ও ডিনাইট্রো প্রক্রতির কাঁচামাল।



Ans : B.

77. $\text{X যৌগ} + \text{O}_3 \xrightarrow{\Delta} \text{OHC-CHO}$ এক্ষেত্রে 'X' যৌগটি কোনটি?
 A. ইথিন B. ইথাইন C. বিউটিন-1 D. বিউটিন-2


ব্যাখ্যা : অ্যালকাইনের ওজোনলাইসিস বিক্রিয়া :



Ans : B.

78. টটোমারিজম প্রদর্শন করে কোন যৌগটি?
 A. প্রোপোনোন B. প্রোপিন C. প্রোপানল D. প্রোপায়নিক এসিড

ব্যাখ্যা : $\text{C}_3\text{H}_6\text{O}$ আণবিক সংকেত দ্বারা টটোমার সমাণু হ'ল। প্রোপোনোন এর কিটোমূলক ($-\text{CO}$) কার্বন কার্বন দ্বিবন্ধন ও অ্যালকোহল মূলক ($-\text{OH}$) অর্থাৎ ইন ও অল মূলকে রূপান্তরিত হয়।



Ans : A.

79. প্রায় সব এনজাইমই এক প্রকার-
 A. কার্বোহাইড্রেট B. লিপিড C. নিউক্লিক এসিড D. প্রোটিন

ব্যাখ্যা : এনজাইম : উচ্চ আণবিক ভরবিশিষ্ট নাইট্রোজেন যুক্ত বহুত্বকার প্রোটিন নামক জটিল জৈব পদার্থ।

- এনজাইম পানিতে কলয়েড তৈরি করে।
- সব এনজাইম প্রোটিন কিন্তু সব প্রোটিন এনজাইম নয়।
- এনজাইম মূলত জৈব অনুঘটক বা প্রভাবক।
- এনজাইম প্রভাবন ক্রিয়ার প্রধান শর্ত হলো তাপমাত্রা 37°C বা এর কাছাকাছি এবং pH মান 7 এর কাছাকাছি থাকা প্রয়োজন।

Ans : D.

80. নিচের কোন অঞ্চলের IR বর্ণালীর সাহায্যে অ্যালকোহলিক $-\text{OH}$ মূলক শনাক্তকরণ করা যায়?

- A. $-\text{OH}$ বন্ধন ($3200-3600$) cm^{-1} ; $\text{C}-\text{O}$ বন্ধন (1050) cm^{-1}
- B. $-\text{OH}$ বন্ধন ($3600-3640$) cm^{-1} ; $\text{C}-\text{O}$ বন্ধন (1220) cm^{-1}
- C. $-\text{OH}$ বন্ধন ($3200-3600$) cm^{-1} ; $\text{C}-\text{O}$ বন্ধন (1220) cm^{-1}
- D. $-\text{OH}$ বন্ধন ($3200-3640$) cm^{-1} ; $\text{C}-\text{O}$ বন্ধন ($1000-1200$) cm^{-1}

ব্যাখ্যা : অ্যালকোহল ও ফেনল অণুতে $\text{C}-\text{O}$ এবং $\text{O}-\text{H}$ এর তরঙ্গসংখ্যা:

যৌগ	$\text{C}-\text{O}$ প্রসারণ cm^{-1}	$\text{O}-\text{H}$ প্রসারণ cm^{-1}
1° অ্যালকোহল	1050	3690
2° অ্যালকোহল	1100	3630
3° অ্যালকোহল	1150	3620
ফেনল	1220	3610

Ans : A.

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (A Unit)
শিক্ষাবর্ষ : 2018-2019 [Set Code - O]

01. রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?

- A. ছাড়পত্র B. সবুজপত্র
C. বেগম D. পরিচয়

ব্যাখ্যা : 'অপরিচিতা' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- গল্পটি প্রথম প্রকাশিত হয় : 'সবুজপত্র' পত্রিকায়, ১৩২১ বঙ্গাব্দের কার্তিক সংখ্যায় (১৯১৪ সালে)।
- প্রধান চরিত্র : বলিষ্ঠ ব্যক্তিত্বের অধিকারী কল্যাণী।
- যৌতুকের বিরুদ্ধে : নারী পুরুষের যৌথ প্রতিরোধ ফুটে উঠেছে।
- গল্পটি : উত্তম পুরুষের জবানিতে লেখা।
- অনুপমের আত্মবিস্তারিত সূত্র ধরেই গল্পের নারী কল্যাণী : অসামান্য হয়ে উঠেছে।

Ans : B.

02. 'জীবন-বন্দনা' কবিতাটি কাজী নজরুল ইসলামের কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?

- A. প্রলয়-শিখা B. চক্রবাক
C. সন্ধ্যা D. সর্বহারা

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।

Ans : C.

03. 'উন্নতি' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?

- A. উন্ + নতি = উন্নতি B. উত + নতি = উন্নতি
C. উদ + নতি = উন্নতি D. উৎ + নতি = উন্নতি

ব্যাখ্যা : নিচে গুরুত্বপূর্ণ কিছু সন্ধিবিচ্ছেদ-

উৎ + নতি	উন্নতি	ভাঃ + কর	ভাস্কর
হরি + চন্দ্র	হরিশ্চন্দ্র	অন্তঃ + সংগতি	অন্তঃসংগতি
পঞ্চাৎ + অর্ধ	পঞ্চার্ধ	আয়ু + কাল	আয়ুকাল
এক + দশ	একাদশ	শিরঃ + চূষন	শিরচূষন
জ্যোতিঃ + ক	জ্যোতিরূ	নিঃ + লোভ	নির্লোভ
নিঃ + সংশয়	নিঃসংশয়	যোগী + ইন্দ্র	যোগীন্দ্র

Ans : D.

04. Read the sentence and fill in the blank.

_____ some employers oppose the very existence of unions, many theorists stress the necessity of unions.

- A. Because B. Due to
C. However D. Although

ব্যাখ্যা : Because - কারণ Due to - কারণে;

However - যাইহোক; Although/though - যদিও।

বাক্যে দুটি clause এর মধ্যে বৈপরীত্য বুঝালে Although বা though হয়।

এখানে sentence টি ঘারা দুটি clause এর বৈপরীত্য বুঝানো হচ্ছে। সুতরাং, Although হচ্ছে গ্রহণযোগ্য উত্তর।

Ans : D.

05. Choose the word which fits best the space in the text.
He _____ to his men about the distance travelled each day.

- A. lied B. told
C. cheated D. asked

ব্যাখ্যা: যেহেতু শূন্যস্থানের পর preposition 'to' আছে, সেহেতু এখানে 'lied' হবে কারণ option এর শুধুমাত্র lied এর পরেই appropriate preposition 'to' বসে। এছাড়া sentence টিতে lied ই সবচেয়ে গ্রহণযোগ্য কারণ sentence টির অর্থের সাথে lied ই appropriate.

Ans : A.

06. Choose the word or phrase which best completes the each sentence.

I've always _____ you as my best friend.

- A. regarded B. thought
C. meant D. supposed

ব্যাখ্যা : Regard - বিবেচনা করা; Think - চিন্তা করা;

Mean - অভিপ্রায় করা; Suppose - অনুমিত।

Sentence টির meaning হলো, আমি সবসময় তোমাকে আমার সেরা বন্ধু হিসেবে বিবেচনা করি বা গণ্য করি। সুতরাং এখানে 'বিবেচনা করেছিলাম' অর্থে regarded ই সবচেয়ে গ্রহণযোগ্য।

Ans : A.

07. 4C এর সমকক্ষ বাইনারী সংখ্যা কোনটি?

- A. 11001100 B. 01001100
C. 01001010 D. 01001101

ব্যাখ্যা : সাধারণ হেক্সাডেসিমেল এর সংখ্যাগুলোকে প্রতি ডিজিটের জন্য চার বিটের বাইনারী মানে লিখতে হয় এবং প্রয়োজন হলে শূন্য বসাতে হয় বাম পাশে।

এখানে, $4C = 4 \quad C$
 ↓ ↓
 0100 1100

∴ $4C = 01001100$

Ans : B.

08. কোনটি হাফ ডুপ্লেক্স পদ্ধতির উদাহরণ?

- A. ওয়াকি-টকি B. রেডিও
C. টেলিফোন D. টিভি

ব্যাখ্যা : হাফ ডুপ্লেক্স - এই ডেটা ট্রান্সমিশন মোডে ডেটা উভয় দিকে প্রবাহিত হয় কিন্তু এক সাথে নয়। যেমন - ওয়াকি-টকির মাধ্যমে যোগাযোগ।

Ans : A.

09. গুরুমন্ডলের ঘনত্ব কত গ্রাম/সি.সি.?

- A. 5 B. 6
C. 7 D. 8

ব্যাখ্যা : ● গুরুমন্ডল প্রায় ২৮৯৫ কি.মি. পর্যন্ত বিস্তৃত।

- সিলিকন ম্যাগনেসিয়াম প্রভৃতি ভারী ধাতুর সমন্বয়ে গুরুমন্ডল গঠিত।
- গুরুমন্ডলের ঘনত্ব প্রায় ৮ গ্রাম/সি.সি.

Ans : D.

10. বাংলাদেশের কোন জেলায় টারশিয়ারী যুগের ভূমি দেখতে পাওয়া যায়?

- A. কক্সবাজার B. রাজশাহী
C. খুলনা D. ভোলা

ব্যাখ্যা : ● বাংলাদেশের মোট ভূখন্ডের প্রায় ১২ শতাংশ এলাকা নিয়ে টারশিয়ারী যুগের পাহাড় গঠিত।

● টারশিয়ারী যুগের পাহাড়কে দুটি অঞ্চলে ভাগ করা হয়।

যেমন- ১. দক্ষিণ পূর্বাঞ্চলের পাহাড়

২. উত্তর-পূর্বাঞ্চলের পাহাড়

● দক্ষিণ পূর্বাঞ্চলের পাহাড়গুলো রাঙামাটি, বান্দরবান, ঝাংড়াছড়ি, কক্সবাজার ও চট্টগ্রাম জেলার পূর্বাঞ্চলে অবস্থিত।

Ans : A.

11. কোনটি অবিরাম আগ্নেয়গিরির উদাহরণ?

- A. লাসেন পিক B. ফুজিয়ামা
C. আইসল্যান্ডের হ্যাকলা D. মোজিকোর পারকুটিন

ব্যাখ্যা : ● ফুজিয়ামা জাপানের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ।

- এটি একটি লাভাগঠিত অবিরাম আগ্নেয়গিরি।

Ans : B.

12. কোনটি গ্রীণহাউজ গ্যাস?
A. O₂ B. NO₂ C. CO D. NO

ব্যাখ্যা : গ্রীণহাউজ গ্যাস :

- i) CO₂ (49%), ii) CFC (14%), iii) CH₄ (18%)
iv) N₂O (6%) v) অন্যান্য (13%)

Ans : B.

13. কোনটি হতে বায়ু গ্যাস উৎপাদন হয়?
A. পলিথিন B. শাক-সবজি C. পানি D. মাটি

ব্যাখ্যা : বায়োগ্যাস হলো পচনশীল জৈববস্তুসমূহ হতে তৈরি গ্যাস। এ জাতীয় গ্যাসে অধিকাংশ পরিমাণই থাকে মিথেন গ্যাস।

• মলমূত্র, তরি তরকারি, শাক-সবজি, ফলমূল, লতাপাতা, কচুরিপানা এ গ্যাস তৈরির কাঁচামাল।

Ans : B.

14. বাংলাদেশে কোন পদ্ধতিতে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা করা হয়?
A. ল্যান্ড ফিলিং B. বায়ু গ্যাস উৎপাদন
C. ইনসিনারেশন D. জৈব সার উৎপাদন

ব্যাখ্যা : বাংলাদেশে কঠিন বর্জ্য তথা ময়লা আবর্জনা, তরি তরকারি, পুরোনো ব্যবহৃত পটনশীল জিনিস, লতাপাতা ইত্যাদি মাটি চাपा দিয়ে বর্জ্য ব্যবস্থাপনা করা হয়, এটাই ল্যান্ড ফিলিং।

Ans : A.

15. যদি $A = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 5 \end{bmatrix}$, $B = \begin{bmatrix} 5 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$ হয়, তবে AB হলো:

- A. $\begin{bmatrix} 5 & 0 \\ 0 & 5 \end{bmatrix}$ B. $\begin{bmatrix} 5 & 0 \\ 10 & 5 \end{bmatrix}$
C. $\begin{bmatrix} 10 & 0 \\ 0 & 5 \end{bmatrix}$ D. $\begin{bmatrix} 0 & 5 \\ 5 & 10 \end{bmatrix}$

ব্যাখ্যা :

$$A \cdot B = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 5 \end{bmatrix} \begin{bmatrix} 5 & 0 \\ 0 & 1 \end{bmatrix} = \begin{bmatrix} 1 \cdot 5 + 0 \cdot 0 & 1 \cdot 0 + 0 \cdot 1 \\ 0 \cdot 5 + 5 \cdot 0 & 0 \cdot 0 + 5 \cdot 1 \end{bmatrix} = \begin{bmatrix} 5 & 0 \\ 0 & 5 \end{bmatrix}$$

Ans : A.

16. $3x - 2y + 1 = 0$ রেখার সমান্তরাল এবং মূলবিন্দুগামী রেখার সমীকরণ কোনটি?
A. $3x - 2y = 0$ B. $2x - 3y = 0$
C. $2x - 3y - 1 = 0$ D. $2x + 3y = 0$

ব্যাখ্যা :

$3x - 2y + 1 = 0$ রেখার সমান্তরাল রেখার সমীকরণ $3x - 2y + k = 0$ এটি (0, 0) বিন্দুগামী বলে, $0 \cdot 3 - 2 \cdot 0 + k = 0 \Rightarrow k = 0$

\therefore নির্ণয় সমীকরণ, $3x - 2y = 0$

Ans : A.

17. (3, 5) কেন্দ্রবিশিষ্ট ও y অক্ষকে স্পর্শ করে এমন বৃত্তের সমীকরণ কোনটি?
A. $x^2 + y^2 - 6x - 10y + 25 = 0$
B. $x^2 + y^2 - 6x - 10y - 25 = 0$
C. $x^2 + y^2 - 6x - 10y + 9 = 0$
D. $x^2 + y^2 - 10x - 6y + 9 = 0$

ব্যাখ্যা : এখানে, অপশন A, B, C এর কেন্দ্র (3, 5) এবং y-অক্ষকে স্পর্শ করলে, $c = f^2 = (-5)^2 = 25$

Ans : A.


18. ${}^n P_r = 240$ এবং ${}^n C_r = 120$ হলে, r এর মান কত?
A. 5 B. 2
C. 1 D. 3

ব্যাখ্যা : $\frac{{}^n P_r}{{}^n C_r} = \frac{240}{120} \Rightarrow \frac{n!}{(n-r)!} = 2 \Rightarrow r! = 2 \Rightarrow r = 2$

Ans : B.

19. $\cos A = \frac{12}{13}$ হলে $\tan A$ এর মান কত?

- A. $\pm \frac{12}{15}$ B. $\pm \frac{5}{12}$ C. $\pm \frac{15}{12}$ D. $\pm \frac{13}{12}$



Ans : B.

20. $\tan \theta = \frac{1}{7}$ হলে, $\cos 2\theta$ এর মান কত?

- A. $\frac{24}{25}$ B. $\frac{23}{25}$ C. $\frac{21}{25}$ D. $\frac{19}{25}$

ব্যাখ্যা : $\cos 2\theta = \frac{1 - \tan^2 \theta}{1 + \tan^2 \theta} = \frac{1 - \frac{1}{49}}{1 + \frac{1}{49}} = \frac{24}{25}$

Ans : A.

21. x-এর সাপেক্ষে $\ln(e^x + e^{-x})$ এর অন্তরজ কত?

- A. $\frac{1}{e^x + e^{-x}}$ B. $\frac{e^{2x}}{e^x + e^{-x}}$
C. $\frac{e^{-x} - e^x}{e^x + e^{-x}}$ D. $\frac{e^x - e^{-x}}{e^x + e^{-x}}$

ব্যাখ্যা :

$$\frac{d}{dx} \left\{ \ln(e^x + e^{-x}) \right\} = \frac{1}{e^x + e^{-x}} \cdot (e^x - e^{-x}) = \frac{e^x - e^{-x}}{e^x + e^{-x}}$$

Ans : D.

22. $\lim_{x \rightarrow \infty} \left(\frac{2}{x} - 1 \right)$ এর মান কত?

- A. 1 B. -1 C. 0 D. 3

ব্যাখ্যা : $\lim_{x \rightarrow \infty} \left(\frac{2}{x} - 1 \right) = \frac{2}{\infty} - 1 = 0 - 1 = -1$

Ans : B.

23. $\int \frac{dx}{1 + \cos x}$ এর মান কত?

- A. $\sec \frac{x}{2} + c$ B. $\tan \frac{x}{2} + c$ C. $\sec x + c$ D. $\tan x + c$

ব্যাখ্যা : $\int \frac{1}{1 + \cos x} dx = \int \frac{1}{2 \cos^2 \frac{x}{2}} dx = \frac{1}{2} \int \sec^2 \frac{x}{2} dx$
 $= \frac{1}{2} \cdot \frac{\tan \frac{x}{2}}{\frac{1}{2}} + c = \tan \frac{x}{2} + c$

Ans : B.

24. 25 এবং 29 সংখ্যা দুইটির বিভেদাঙ্ক (CV) কত?
A. 6% B. 6.9% C. 7% D. 7.4%

ব্যাখ্যা : $SD = \sqrt{\frac{\sum(x-\bar{x})^2}{n}}$
 $= \sqrt{\frac{(25-27)^2 + (29-27)^2}{2}} = \sqrt{\frac{4+4}{2}} = 2$
 বিভেদাঙ্ক, $CV = \frac{SD}{\bar{x}} \times 100 = \frac{2}{27} \times 100 = 7.4\%$
Ans : D.

25. তিনটি ছক্কা একবার নিক্ষেপ করা হল, তিনটিতেই একই সংখ্যা পাওয়ার সম্ভাবনা কোনটি?
A. $\frac{1}{18}$ B. $\frac{1}{6}$ C. $\frac{1}{216}$ D. $\frac{1}{36}$

ব্যাখ্যা: তিনটি ছক্কা একত্রে নিক্ষেপ করলে মোট নমুনা ক্ষেত্র = $6^3 = 216$
 এবং একই সংখ্যা আসবে 6টি সম্ভাবনা = $\frac{6}{216} = \frac{1}{36}$
Ans : D.

26. 32 ft/sec আদিবেগ এবং ভূমির সাথে 30° কোণে একটি বস্তুর নিক্ষেপ করা হলো। ইহার ভ্রমণকাল কত?
A. 0.5s B. 1s C. 1.5s D. 2s

ব্যাখ্যা : $T = \frac{2u \sin \alpha}{g} = \frac{2 \times 32 \times \sin 30^\circ}{32} = 2 \cdot \frac{1}{2} = 1s$
Ans : B.

27. $|2x - 3| \geq 1$ অসমতাটির সমাধান সেট কোনটি?
A. $(-\infty, 1] \cup [2, \infty)$ B. $(-\infty, 1) \cup (2, \infty)$
C. $(-\infty, 1] \cup (2, \infty)$ D. $(-\infty, 1) \cup [2, \infty)$

ব্যাখ্যা : হয় $2x - 3 \geq 1 \Rightarrow 2x - 3 \geq -1 \Rightarrow x \geq 2$
 অথবা, $-(2x - 3) \geq 1 \Rightarrow x \leq 1$
 $\therefore 2 \leq x \leq 1$
 $\therefore (-\infty, 1] \cup [2, \infty)$
Ans : A.

28. i^{4n+3} এর মান কোনটি?
A. -1 B. -i C. 1 D. i

ব্যাখ্যা : i^{4n+3} এখানে, $n = 0$ বসিয়ে, $4 \cdot 0 + 3 = 3$
 $\therefore i^3 = i^2 \cdot i = -1 \cdot i = -i$
Ans : B.

29. k এর মান কত হলে $(3k + 1)x^2 + (11 + k)x + 9 = 0$ সমীকরণটির মূলদ্বয় জটিল সংখ্যা হবে-
A. $k > 1$ B. $k < 85$
C. $k \geq 85$ D. $1 < k < 85$

ব্যাখ্যা : মূলদ্বয় জটিল হবে যদি, $b^2 - 4ac < 0$
 $\Rightarrow (11 + k)^2 - 4(3k + 1) \cdot 9 < 0$
 $\Rightarrow k^2 - 86k + 85 < 0 \Rightarrow (k - 85)(k - 1) < 0$
 $\therefore 1 < k < 85$
Ans : D.

30. $-1 < x < 1$ এর জন্য $\log_e \left(\frac{1-x}{1+x} \right)$ এর বিকৃতিতে x^3 এর সহগ k হলে, k এর মান কত?
A. $-\frac{2}{3}$ B. $-\frac{1}{3}$ C. $\frac{1}{3}$ D. $\frac{2}{3}$

ব্যাখ্যা : $\log_e \left(\frac{1-x}{1+x} \right) = \ln \left(\frac{1-x}{1+x} \right) = \ln(1-x) - \ln(1+x)$
 $= \left(-x - \frac{x^2}{2} - \frac{x^3}{3} \right) - \left(x - \frac{x^2}{2} + \frac{x^3}{3} \right) \dots$
 $= -2x - 2 \cdot \frac{x^3}{3} \dots$
 $\therefore x^3$ এর সহগ = $-\frac{2}{3}$
Ans : A.

31. উপকেন্দ্র (2, 0) এবং $x + 2 = 0$ নিয়ামক বিশিষ্ট পরাবৃত্তের সমীকরণ কোনটি?
A. $y^2 = 4x$ B. $y^2 = 8x$
C. $x^2 = 4y$ D. $x^2 = 8y$

ব্যাখ্যা : এখানে, $(SP)^2 = (PM)^2 \Rightarrow (x-2)^2 + y^2 = \left(\frac{x+2}{\sqrt{1^2+0^2}} \right)^2$
 $\Rightarrow x^2 + y^2 - 4x + 4 = x^2 + 4x + 4$
 $\therefore y^2 = 8x$
Ans : B.

32. $xy = 2$ সমীকরণটি হবে-
A. বৃত্ত B. পরাবৃত্ত C. উপবৃত্ত D. অধিবৃত্ত

ব্যাখ্যা : $xy = 2$
 $\Rightarrow y = \frac{2}{x}$

Ans : D.

33. $\tan^{-1} 1 + \tan^{-1} 2 + \tan^{-1} 3$ এর মান-
A. 0 B. $\frac{\pi}{2}$ C. π D. 2π

ব্যাখ্যা : $\tan^{-1} 1 + \tan^{-1} 2 + \tan^{-1} 3 = \frac{\pi}{4} + \tan^{-1} \frac{2+3}{1-2 \times 3}$
 $= \frac{\pi}{4} + \tan^{-1}(-1) = \frac{\pi}{4} - \frac{\pi}{4} = 0$
Ans : A.

34. $\cos \theta = 1$ হলে, $\theta =$ কত?
A. $(2n + 1)\pi$ B. $2n\pi$ C. $\frac{n\pi}{2}$ D. $n\pi \pm \alpha$

ব্যাখ্যা : $\cos \theta = 1$ হলে, $\theta = 2n\pi$
Ans : B.

35. $f(x) = 2\cos x$ এর রেঞ্জ কত?
A. $-1 \leq f(x) \leq 1$ B. $-2 \leq f(x) \leq 2$
C. $0 \leq f(x) \leq 2$ D. $-2 \leq f(x) \leq 0$

ব্যাখ্যা : $f(x) = \cos x$ হলে, রেঞ্জ $\rightarrow -1 \leq f(x) \leq 1$
 $\therefore f(x) = 2\cos x$ হলে, রেঞ্জ $\rightarrow -2 \leq f(x) \leq 2$
Ans : B.

36. $\int_0^{\frac{\pi}{2}} \frac{1}{1+\cos x} dx =$ কত?

- A. $\frac{\pi}{2}$ B. 1 C. $\frac{\pi}{4}$ D. -1

ব্যাখ্যা : $\int_0^{\frac{\pi}{2}} \frac{1}{1+\cos x} dx = \frac{1}{2} \int_0^{\frac{\pi}{2}} \sec^2 \frac{x}{2} dx$
 $= \frac{1}{2} \left[\frac{\tan \frac{x}{2}}{\frac{1}{2}} \right]_0^{\frac{\pi}{2}} = \tan \frac{\pi}{4} - 0 = \tan \frac{\pi}{4} = 1$

Ans : B.

37. কৌণিক বেগের মাত্রা সমীকরণ কোনটি?

- A. $[LT^{-2}]$ B. $[T^{-1}]$ C. $[LT]$ D. $[L^{-1}T]$

ব্যাখ্যা : কৌণিক বেগ, $\omega = \frac{\theta}{t}$ • একক : rads^{-1} • মাত্রা : T^{-1}

Ans : B.

38. $3\hat{i} - 4\hat{j} + 12\hat{k}$ ভেক্টরটির মান কত?

- A. 8 B. 11 C. 13 D. 18

ব্যাখ্যা : $|\vec{A}| = \sqrt{3^2 + (-4)^2 + (12)^2} = 13$

Ans : C.

39. প্রক্ষেপকের বিচরণ কালের সমীকরণ কোনটি?

- A. $T = \frac{2v_0 \sin \theta_0}{g}$ B. $T = \frac{v_0 \cos \theta_0}{g}$
 C. $T = \frac{v_0 \sin \theta_0}{g}$ D. $T = \frac{2v_0 \cos \theta_0}{g}$

ব্যাখ্যা : • বিচরণ কাল, $T = \frac{2v_0 \sin \theta_0}{g}$

• পাল্লা, $R = \frac{v_0^2 \sin 2\theta_0}{g}$

• সর্বাধিক উচ্চতা, $H = \frac{v_0^2 \sin^2 \theta_0}{2g}$

Ans : A.

40. কোনটি সম্পর্কটি সঠিক?

- A. $\tau = I^2 \alpha$ B. $\tau = \sqrt{I \alpha}$
 C. $\tau = \frac{1}{\alpha}$ D. $\tau = I \alpha$

ব্যাখ্যা :

সূত্র	একক	মাত্রা
বলের ঘাত, $J = F \times t = m(v-u)$	Ns	$[MLT^{-1}]$
রকেটের ক্ষেত্রে ত্বরণ,	Ms^{-2}	$[LT^{-2}]$
$a = \frac{v_r}{m} \left(\frac{d}{dt} m \right) - g$		

বল, $F = v_r \frac{dm}{dt} - mg$	newton	$[MLT^{-2}]$
$m_1 u_1 + m_2 u_2 = m_1 v_1 + m_2 v_2$		
জড়তার ভ্রামক, $I = mr^2 = mK^2$	kgm^2	$[ML^2]$
গতিশক্তি, $E_k = \frac{1}{2} I \omega^2$	Joule	$[ML^2T^{-2}]$
কৌণিক ভরবেগ, $L = I \omega$	$kgm^2 \text{sec}^{-1}$	$[ML^2T^{-1}]$
টর্ক, $\tau = I \alpha$	Nm	$[ML^2T^{-2}]$
ব্যাখ্যা সংক্রান্ত :		
$\tan \theta = \frac{v^2}{rg} = \frac{n}{d}$	নাই	নাই

Ans : D.

41. সরল দোলন গতি সম্পন্ন কণার ত্বরণ কত?

- A. $a = \omega x^2$ B. $a = -\omega x^2$
 C. $a = -\omega x$ D. $a = -\omega^2 x$

ব্যাখ্যা :

সূত্র	একক	মাত্রা
সরণ, $x = a \sin(\omega t + \delta)$	m	[L]
বেগ, $v = \omega \sqrt{A^2 - x^2}$	ms^{-1}	$[LT^{-1}]$
$v_{\max} = \omega A$	ms^{-1}	$[LT^{-1}]$
ত্বরণ, $a = -\omega^2 x$	ms^{-2}	$[LT^{-2}]$
$a_{\max} = -\omega^2 A$	ms^{-2}	$[LT^{-2}]$
দোলনকাল, $T = \frac{2\pi}{\omega} = 2\pi \sqrt{\frac{m}{k}}$	sec	[T]
বল, $F = -kx$	N	$[MLT^{-2}]$
গতিশক্তি, $E_k = \frac{1}{2} K(A^2 - x^2)$	J	$[M^2LT^{-2}]$
স্থিতিশক্তি, $U = \frac{1}{2} Kx^2$	J	$[M^2LT^{-2}]$
$E = E_k + U$	J	$[M^2LT^{-2}]$
দোলনকাল, $T = 2\pi \sqrt{\frac{L}{g}}$	sec	[T]

Ans : D.

42. কোন পদার্থের সান্দ্রতা সবচেয়ে বেশি?

- A. দুধ B. পানি C. তেল D. মধু

ব্যাখ্যা : কয়েকটি পদার্থের সান্দ্রতা গুণক :

তরল	সান্দ্রতা গুণক (Nsm^{-2})	তরল	সান্দ্রতা গুণক (Nsm^{-2})
পানি	1.1×10^{-3}	বেনজিন	0.7×10^{-3}
ইথার	0.2×10^{-3}	পারদ	1.5×10^{-3}
গ্লিসারিন	1.5×10^{-3}		

Ans : D.

43. বল প্রয়োগে সর্বোচ্চ কাজ হবে যখন বল সরণের সাথে ক্রিয়া করে-

- A. 45° কোণে B. 30° কোণে
 C. লম্ব বরাবর D. একই দিকে

ব্যাখ্যা : $W = Fs \cos \theta$

$\therefore \theta = 0$ হলে কাজ এর মান সর্বোচ্চ হয়।

Ans : D.

44. BTRC বঙ্গবন্ধু-1 কৃত্রিম উপগ্রহ ঢাকার ভূ-পৃষ্ঠ হতে 36000 km উর্ধ্বে স্থাপন করা হলে উপগ্রহের পর্যায়কাল কত?
 A. 24.02 h B. 22.08 h
 C. 23.02 h D. 25.08 h

ব্যাখ্যা :

$$v = R \sqrt{\frac{g}{R+h}} = 6.4 \times 10^6 \times \sqrt{\frac{9.8}{(6.4 \times 10^6 + 36 \times 10^6)}}$$

$$= 3.07 \times 10^3 \text{ ms}^{-1}$$

$$\therefore T = \frac{2\pi(R+h)}{v} = \frac{2\pi(6.4 \times 10^6 + 36 \times 10^6)}{3.07 \times 10^3} = 24.02 \text{ h}$$
 Ans : A.

45. একটি সুরশলাকার কম্পাঙ্ক 400 Hz। এই সুরশলাকার 48 বার কম্পনে যে সময় লাগে, সেই সময়ে শব্দ 40 m দূরত্ব অতিক্রম করলে শব্দের বেগ কত?
 A. 203.3 ms⁻¹ B. 333.3 ms⁻¹
 C. 323.3 ms⁻¹ D. 313.3 ms⁻¹

ব্যাখ্যা : $T = \frac{1}{f} = \frac{1}{400} = 2.5 \times 10^{-3} \text{ s}$
 $\therefore t = 48 \times 2.5 \times 10^{-3} = 0.12 \text{ s}$
 এখন, $s = vt \Rightarrow v = \frac{s}{t} = \frac{40}{0.12} = 333.3 \text{ ms}^{-1}$
 Ans : B.

46. নাইট্রোজেন গ্যাসের ক্ষেত্রে γ -এর মান কত?
 A. 1.67 B. 1.4 C. 1.33 D. 1.28

ব্যাখ্যা : • এক পারমাণবিক গ্যাসের ক্ষেত্রে, $\gamma \rightarrow 1.67$
 • দ্বি পারমাণবিক গ্যাসের ক্ষেত্রে $\gamma \rightarrow 1.8$
 • বহু পারমাণবিক গ্যাসের ক্ষেত্রে $\gamma \rightarrow 1.33$
 • নাইট্রোজেন গ্যাস দ্বিপারমাণুক হওয়ায় γ এর মান 1.4।
 Ans : B.

47. কোন তাপমাত্রায় কেলভিন ও ফারেনহাইট স্কেলে একই পাঠ পাওয়া যায়?
 A. 574.25° F B. 273.16 K
 C. 374.25° F D. 375 K

ব্যাখ্যা : $\frac{F-32}{9} = \frac{K-273}{5} \Rightarrow 5x - 160 = 9x - 2457$
 $\Rightarrow x = 574.25^\circ \text{F}$
 Ans : A.

48. দুর্বল নিউক্লিয় বল সৃষ্টি হয় কিসের জন্য?
 A. বিটা ক্ষয় B. প্রোটন ক্ষয়
 C. গামা ক্ষয় D. নিউট্রন ক্ষয়

ব্যাখ্যা :

বিষয়	দুর্বল নিউক্লিয় বল
১) ধর্ম	বিকর্ষণধর্মী
২) বিনিময় কণা / কারণ	নিউট্রিনো কণা
৩) পাল্লা	নিউক্লিয়নের অভ্যন্তরে সীমাবদ্ধ (10 ⁻⁸ m)
৪) আপেক্ষিক সবলতা	মহা: 10 ²⁵ , সবল: 10 ⁻¹²
৫) প্রভাবিত সবলতা	লেপটন
৬) ভূমিকা	নিউক্লিয় বিটা ক্ষয়ের জন্য দায়ী।

Ans : A.

49. $1.34 \times 10^5 \text{ NC}^{-1}$ প্রাবল্যের একটি তড়িৎ ক্ষেত্রে 15.8 cm ব্যবধানে অবস্থিত দুটি বিন্দুর বিভব পার্থক্য কত?
 A. $2.12 \times 10^4 \text{ V}$ B. $2.12 \times 10^{-4} \text{ V}$
 C. $1.12 \times 10^4 \text{ V}$ D. $1.12 \times 10^{-4} \text{ V}$

ব্যাখ্যা : $V = Ed = 1.34 \times 10^5 \times 15.8 \times 10^{-2}$
 $= 2.12 \times 10^4 \text{ V}$
 Ans : A.

50. একটি বৈদ্যুতিক হিটার 220V লাইন থেকে 0.2A বিদ্যুৎ গ্রহণ করে। হিটারটি 600 ঘণ্টা ব্যবহার করলে কত শক্তি ব্যয় হবে?
 A. 16.4 kWh B. 36.8 kWh
 C. 26.4 kWh D. 16 kWh

ব্যাখ্যা : $P = W/t = VI$
 $\therefore W = VIt = 220 \times 0.2 \times 600 \times 10^{-3} \text{ kWh} = 26.4 \text{ kWh}$
 Ans : C.

51. 100Ω রোধের একটি গ্যালভানোমিটারের সাথে 5Ω রোধের একটি সার্ট জুড়ে দিয়ে একটি তড়িৎ বর্তনের সাথে যুক্ত করা হলে গ্যালভানোমিটারের মধ্য দিয়ে 0.42A প্রবাহ পাওয়া গেল। বর্তনের মূল প্রবাহ কত?
 A. 8.82 A B. 2.88 A
 C. 88.2 A D. 28.8 A

ব্যাখ্যা : $I_G = \frac{S}{G+S} \times I$
 $\Rightarrow I = \frac{G+S}{S} \times I_G = \frac{100+5}{5} \times 0.42 = 8.82 \text{ A}$
 Ans : A.

52. নির্দিষ্ট পরিবাহিতে নির্দিষ্ট সময় ধরে তড়িৎ প্রবাহিত করলে সৃষ্ট তাপের পরিমাণ হবে প্রবাহিত তড়িৎ এর-
 A. বর্গের ব্যস্তানুপাতিক B. ব্যস্তানুপাতিক
 C. সমানুপাতিক D. বর্গের সমানুপাতিক

ব্যাখ্যা : $H = I^2RT \Rightarrow H \propto I^2$
 Ans : D.

53. কোন গেইটের ইনপুট ও আউটপুট লাইন সমান থাকে?
 A. AND B. OR
 C. NOT D. NAND

Ans : C.

54. 32cm ব্যাস এবং 40 পাকসংখ্যার একটি বৃত্তাকার কুন্ডলীর মধ্য দিয়ে কত তড়িৎ প্রবাহ চলেলে কুন্ডলীর কেন্দ্রে 10μT এর চৌম্বকক্ষেত্রের সৃষ্টি হবে?
 A. 1.91A B. 6.4A C. 4.6A D. 46A

ব্যাখ্যা : $B = \frac{\mu_0 NI}{2r}$
 $\Rightarrow I = \frac{2Br}{\mu_0 N} = \frac{2 \times 10 \times 10^{-6} \times 16 \times 10^{-2}}{4\pi \times 10^{-7} \times 40} = 1.91 \text{ A}$
 Ans : A.

55. কোন স্থানে ভূ-চৌম্বকক্ষেত্রের মান 22.5 μT এবং বিনতি 30°। ঐ স্থানে ভূ-চৌম্বকক্ষেত্রের অনুভূমিক উপাংশের মান-
 A. 91.5 μT B. 19.5 μT
 C. 1.95 μT D. 2.95 μT

ব্যাখ্যা : $H = I \cos \delta = 22.5 \times 10^{-6} \times \cos 30^\circ = 1.95 \times 10^{-5}$
 $= 19.5 \mu \text{ T}$
 Ans : B.

56. 220V সরবরাহ লাইনের শীর্ষ মান কত?

- A. 340V B. 220V C. 140V D. 311V

$$\text{ব্যাখ্যা : } I_0 = \frac{I_{\text{rms}}}{0.707} = \frac{220}{0.707} = 311V$$

Ans : D.

57. 30cm ফোকাস দূরত্ব বিশিষ্ট একটি সমোত্তল লেন্সের উপাদানের প্রতিসরাঙ্ক 1.52 হলে বক্রতার ব্যাসার্ধ কত?

- A. 31.2 cm B. 13.2 cm
C. 25.3 cm D. 35.1 cm

$$\text{ব্যাখ্যা : } \frac{1}{f} = (\mu - 1) \left(\frac{1}{r} - \frac{1}{-r} \right) \Rightarrow r = 2f(\mu - 1) = 31.2 \text{ cm}$$

Ans : A.

58. ন্যূনতম বিচ্যুতির সঠিক সম্পর্কটি হল-

- A. $i_1 = r_1$ B. $r_1 = r_2$
C. $r_1 = r_2 = (A + \delta_m)/2$ D. $i_1 = i_2 = A/2$

ব্যাখ্যা : ন্যূনতম বিচ্যুতির ক্ষেত্রে :

$$\bullet i_1 = r_1 \bullet r_1 = r_2 \bullet A = \frac{r}{2}$$

Ans : B.

59. কোনটি তড়িৎ ঋণাত্মক মৌল নয়?

- A. N₂ B. S C. F D. Mo

ব্যাখ্যা : মৌলের পর্যায়ভিত্তিক ধর্ম-

ধর্মসমূহ	একই পর্যায়ে বাম থেকে ডানে	একই গ্রুপে উপর থেকে নিচে
তড়িৎ ঋণাত্মকতা	বাড়ে	কমে
আয়নিকরণ শক্তি	বাড়ে	কমে
ইলেকট্রন আসক্তি	বাড়ে	কমে
ধাতব বৈশিষ্ট্য	কমে	বাড়ে
অধাতব বৈশিষ্ট্য	বাড়ে	কমে
পারমাণবিক আকার	কমে	বাড়ে
পারমাণবিক ব্যাসার্ধ	কমে	বাড়ে
কক্ষপথের সংখ্যা	পরিবর্তন নেই	বাড়ে
নিউক্লিয়াসের ধনাত্মক চার্জ	বাড়ে	কমে

Ans : D.

60. কোনটি অম্লীয় অক্সাইড নয়?

- A. CO B. CO₂ C. NO₂ D. SO₂

ব্যাখ্যা : অক্সাইডের উদাহরণ:

অম্লীয় অক্সাইড (অধাতুর অক্সাইড)	CO ₂ , SO ₂ , SO ₃ , NO ₂ , N ₂ O ₅ , P ₂ O ₅
ক্ষারীয় অক্সাইড (ধাতুর অক্সাইড)	Na ₂ O, K ₂ O, MgO, CaO
উভধর্মী অক্সাইড	PbO, ZnO, Al ₂ O ₃ , SnO, PbO ₂
নিরপেক্ষ অক্সাইড	CO, NO, H ₂ O

Ans : A.

61. H₃PO₃ এ P এর জারণ সংখ্যা কত?

- A. 2 B. 3 C. 4 D. 5

ব্যাখ্যা : H₃PO₃ এ P এর জারণ সংখ্যা x

$$\therefore (+1) \times 3 + x + (-2) \times 3 = 0 \Rightarrow +3 + x - 6 = 0 \Rightarrow x = +3$$

Ans : B.

62. NH₃ যৌগের pK_a = 9.2, ইহা কত pH হতে পজেটিভ আয়নে পরিণত হওয়া শুরু হবে?

- A. 9.2 B. 8.2 C. 10.2 D. 7.2

ব্যাখ্যা : • NH₃ যৌগের pH = 9.2 হতে পজেটিভ আয়নে পরিণত হওয়া শুরু হবে।

- ক্ষারক যত তীব্র তার K_b এর তত বেশি এবং pK_b এর মান কম।
- ক্ষারক যত দুর্বল তার K_b এর মান তত কম এবং pK_b এর মান বেশি।

Ans : A.

63. CCl₄ সমযোজী যৌগ কারণ-

i) উপাদান মৌলগুলো ইলেকট্রন শেয়ার দ্বারা বন্ধন গঠন করে

ii) পোলারনের কারণে সমযোজী বৈশিষ্ট্যের উদ্ভব হয়

iii) যৌগটি দু'টি অধাতুর সমন্বয়ে গঠিত। কোনটি সঠিক?

- A. i & ii B. ii & iii
C. i & iii D. i, ii & iii

Ans : D.

64. OH⁻ আয়নের অনুবন্ধী এসিড কোনটি?

- A. H₃O⁺ B. H₂O
C. O²⁻ D. O₂

ব্যাখ্যা :

এসিড	প্রকৃতি	অনুবন্ধী ক্ষারক	প্রকৃতি	ক্ষারক	প্রকৃতি	অনুবন্ধী এসিড	প্রকৃতি
HCl	তীব্র	Cl ⁻	যুদ	OH ⁻	তীব্র	H ₂ O	যুদ
HNO ₃	তীব্র	NO ₃ ⁻	যুদ	CO ₃ ²⁻	তীব্র	HCO ₃ ⁻	যুদ
H ₂ SO ₄	তীব্র	HSO ₄ ⁻	যুদ	HCO ₃ ⁻	তীব্র	H ₂ CO ₃	যুদ
HSO ₄ ⁻	তীব্র	SO ₄ ²⁻	যুদ	CH ₃ COO ⁻	তীব্র	CH ₃ COOH	যুদ
H ₂ CO ₃	যুদ	HCO ₃ ⁻	তীব্র	SO ₄ ²⁻	যুদ	HSO ₄ ⁻	তীব্র
HCO ₃ ⁻	যুদ	CO ₃ ²⁻	তীব্র	HSO ₄ ⁻	যুদ	H ₂ SO ₄	তীব্র
CH ₃ COOH	যুদ	CH ₃ COO ⁻	তীব্র	NH ₃	যুদ	NH ₄ ⁺	তীব্র
HCOOH	যুদ	HCOO ⁻	তীব্র	ClO ₄	যুদ	HClO ₄	তীব্র
H ₂ O	যুদ	OH ⁻	তীব্র	H ₂ O	যুদ	H ₃ O ⁺	তীব্র

Ans : B.

65. কোন স্থানের মাটির pH 11 হলে সে মাটিতে ফসল ফলানোর জন্য নিচের কোনটি প্রয়োগ করতে হবে?

- A. TSP B. চুন
C. ডলোমাইট D. (NH₄)₂CO₃

ব্যাখ্যা : • অম্লধর্মী মাটির pH বাড়াতে চুন এবং ক্যালসিয়াম ও ম্যাগনেসিয়াম প্রভৃতির বিভিন্ন সার ব্যবহৃত হয়।

• ক্ষারকীয় মাটির pH কমাবার জন্য বিভিন্ন নাইট্রেট সার যেমন: KNO₃, NH₄NO₃ এবং ফসফেট সার যেমন টি এস পি ও সুপার ফসফেট ব্যবহৃত হয়।

Ans : A.

66. কোন প্রাণীর দুধে শক্তি (ক্যালরি) বেশি থাকে?

- A. গাভী B. মহিষ C. ছাগল D. ভেড়া




ব্যাখ্যা : বিভিন্ন প্রাণীর দুধে শক্তির সংখ্যা:

উপাদান	গরু	মহিষ	ছাগল	ভেড়া	উট	মানুষ
পানি	87.43	82.76	87.00	80.71	87.61	87.43
শর্করা	6.98	5.48	4.27	4.81	3.26	6.98
চর্বি	3.75	7.38	4.25	7.9	5.38	3.75
আমিষ	1.63	3.6	3.52	5.23	2.98	1.63
খনিজ লবণ	0.71	0.78	0.86	0.9	0.7	0.21
শক্তি	66	110	60	95	76	72

Ans : B.

67. CS₂, C এবং S এর দহন তাপ যথাক্রমে -1109, -394 এবং -297 kJ mol⁻¹ হলে CS₂ এর প্রমাণ সংগঠন তাপ কত?
 A. -121 kJ B. +121 kJ
 C. -298 kJ D. +298 kJ

ব্যাখ্যা :



ধরি, CS₂ এর প্রমাণ সংগঠন তাপ x

বিক্রিয়া তাপ, $\Delta H = [\text{উৎপাদনসমূহের মোট এনথালপি}]$

- [বিক্রিয়কসমূহের মোট এনথালপি]

$$\Delta H = [\text{H}(\text{CO}_2) + 2 \times \text{H}(\text{SO}_2)] - [\text{H}(\text{CS}_2) + 3 \times \text{H}(\text{O}_2)]$$

$$\Rightarrow -1109 = [-394 + 2 \times (-297)] - [x + 3 \times 0]$$

$$\Rightarrow x = (-394 - 594 + 1109) \Rightarrow x = +121 \text{ kJ}$$

Ans : B.

68. 50 mL সম্পৃক্ত দ্রবণে 5g CaCl₂ আছে। লিটার প্রতি CaCl₂ এর দ্রাব্যতা গণনা কর।
 A. 10 gL⁻¹ B. 100 gL⁻¹
 C. 101 gL⁻¹ D. 1011 gL⁻¹


ব্যাখ্যা : 50 mL সম্পৃক্ত দ্রবণে দ্রবীভূত আছে 5g CaCl₂

$$\therefore 1000 \text{ mL সম্পৃক্ত দ্রবণে দ্রবীভূত আছে } \frac{5 \times 1000}{50} \text{ gCaCl}_2 = 100 \text{ g}$$

\therefore লিটার প্রতি CaCl₂ এর দ্রাব্যতা 100 gL⁻¹

Ans : B.

69. বিউটেন (C₄H₁₀) কে বাতাসের অক্সিজেন দ্বারা দহন করলে CO₂ ও H₂O উৎপন্ন হয়। 1.5 মোল C₄H₁₀ থেকে কত মোল CO₂ উৎপন্ন হয় গণনা কর।
 A. 6 মোল B. 4 মোল C. 8 মোল D. 10 মোল



1 mole C₄H₁₀ কে অক্সিজেন দ্বারা দহন করলে উৎপন্ন হয় 4 mole CO₂

\therefore 1.5 mole C₄H₁₀ কে অক্সিজেন দ্বারা দহন করলে উৎপন্ন হয় -
 (4 × 1.5) mole = 6 mole

Ans : A.

70. ZnSO₄ দ্রবণের মধ্যে 3.25 A বিদ্যুৎ কতক্ষণ চালনা করলে 4.405 g Zn জমা হবে। (Zn এর পারমাণবিক ভর 65.40 g)
 A. 33.33 min B. 66.66 min
 C. 6.66 min D. 76.66 min

$$\text{ব্যাখ্যা : } W = \frac{MIt}{nF} \Rightarrow t = \frac{WnF}{MI} = \frac{4.405 \times 2 \times 96500}{65.40 \times 3.25}$$

$$= 3999.83\text{s} = 66.66 \text{ min}$$

Ans : B.


71. তড়িৎ প্রবাহ কিসের প্রবাহ?
 A. ইলেকট্রন B. নিউট্রন C. মেসন D. কোনটিই নয়

ব্যাখ্যা : • ইলেকট্রন প্রবাহ হল তড়িৎ প্রবাহ। বাহ্যিক বর্তনীর মধ্য দিয়ে ইলেকট্রন প্রবাহ যে দিকে যাবে বিদ্যুৎ প্রবাহ তার বিপরীত দিকে যাবে।

• তড়িৎ বিশ্লেষণ কোষের ক্ষেত্রে বিদ্যুৎ প্রবাহ ক্যাথোড হতে অ্যানোডের দিকে (Cu-Zn) যাবে।

Ans : A.

72. 2g কার্বনকে বাতাসে দহন করলে উৎপন্ন CO₂ এর আয়তন প্রমাণ অবস্থায় কত?
 A. 3.73 L B. 1.04 L
 C. 2.80 L D. 7.63 L



1 mole 1 mole
 12g 22.4 L

12 g কার্বনের দহনে উৎপন্ন CO₂ এর আয়তন 22.4 L

$$\therefore 2 \text{ g কার্বনের দহনে উৎপন্ন CO}_2 \text{ এর আয়তন } \frac{22.4 \times 2}{12} = 3.73 \text{ L}$$

Ans : A.

73. যেসব জৈব যৌগ পানিতে অদ্রবণীয় ও ফুটন্ত পানিতে বিয়োজিত হয় না; কিন্তু স্টিমে উদ্বায়ী হয়, এদের ভেজাল থেকে কিরূপে পৃথক করবে?
 A. স্টিম পাতন B. আংশিক পাতন
 C. পাতন D. নিম্নচাপ পাতন

ব্যাখ্যা : • স্টিম পাতন : যেসব জৈব যৌগ পানিতে অদ্রবণীয় ও ফুটন্ত পানিতে বিয়োজিত হয় না; কিন্তু স্টিমে উদ্বায়ী হয়, এদের ভেজাল থেকে যেকুরূপে পৃথক করা হয় তাকে স্টিম পাতন বলে।

• পাতন : তাপ প্রয়োগে তরল পদার্থকে বাষ্প রূপান্তর এবং শেষে শীতল করে পুনরায় একই তরলে রূপান্তর করাকে পাতন বলে।

• আংশিক পাতন : যে কোনো তরল উপাদানের মিশ্রণ থেকে এক এক করে উপাদানগুলোকে অংশ অংশ করে পৃথক করার পদ্ধতিকে আংশিক পাতন বলে।

• নিম্নচাপ পাতন : যেসব তরল উচ্চ ফুটনাঙ্ক বিশিষ্ট ও স্বাভাবিক বা কম তাপমাত্রায় বিয়োজিত হয় তাদের বিশোধনে এ প্রক্রিয়া ব্যবহৃত হয়।

• দ্রাবক নিষ্কাশন : উদ্ভিদের ফুলের পাপড়ি, পাতা, মূল ও বীজের মধ্যে থাকা জৈব যৌগকে জৈব দ্রাবকে শোষণ করে পৃথক করাকে দ্রাবক নিষ্কাশন বলে।


• উর্ধ্বপাতন : যেসব কঠিন পদার্থ তাপ প্রয়োগে বাষ্প এবং ঐ বাষ্পকে শীতল করলে কঠিন পদার্থে পরিণত হয় তাকে উর্ধ্বপাতন বলে।

Ans : A.

74. অ্যালকিনের সাধারণ সংকেত কোনটি?

A. C_nH_{2n+2} B. C_nH_{2n-2} C. C_nH_{2n} D. C_nH_{2n+1}

ব্যাখ্যা :

শ্রেণি	সাধারণ সংকেত	উদাহরণ
অ্যালকেন	C _n H _{2n+2}	CH ₄ , CH ₃ -CH ₃
অ্যালকিন	C _n H _{2n}	CH ₂ =CH ₂ , CH ₃ -CH=CH ₂
অ্যালকাইন	C _n H _{2n-2}	CH≡CH, CH ₃ -C≡CH
অ্যালকোহল	C _n H _{2n+1} -OH	CH ₃ -OH, CH ₃ CH ₂ OH
অ্যালডিহাইড	C _n H _{2n+1} -CHO	CH ₃ -CHO, CH ₃ -CH ₂ -CHO
ফ্যাটি এসিড	C _n H _{2n+1} -COOH	CH ₃ -COOH, CH ₃ CH ₂ COOH
অ্যামিন	C _n H _{2n+1} -NH ₂	CH ₃ -NH ₂ , CH ₃ -CH ₂ -NH ₂
সাইক্লো অ্যালকেন	C _n H _{2n}	CH ₂ -CH ₂ , 

Ans : C.

75. জীবদেহের প্রোটোগ্লাজম যে বায়োঅণু সমূহের দ্বারা গঠিত হয় তার নাম কি?
 A. প্রোটিন B. স্টার্চ C. পলিস্যাকারাইড D. ডাইস্যাকারাইড

ব্যাখ্যা : • প্রোটিন উদ্ভিদ ও প্রাণিকোষের প্রোটোগ্লাজমের প্রধান ও গুরুত্বপূর্ণ সাংগঠনিক উপাদান। যেমন: নিউক্লিওপ্রোটিন।

• স্টার্চ : α-D- (+) গ্লুকোজের পলিমার


• সেলুলোজ : β-D গ্লুকোজের কনডেনসেশন পলিমার।

• অ্যামাইলোজ : গ্লুকোজের সরল শিকল পলিমার যা গ্রাইকোসাইডিক বন্ধন দ্বারা গঠিত।

• অ্যামাইলো পেকটিন : D-গ্লুকোজের শাখায়ুক্ত পলিমার।

Ans : A.


76 নিম্নের কোনটি ডেটল এর পার্শ্বনিক সংকেত?



ব্যাখ্যা : আরও কিছু সংকেত :

প্রচলিত নাম	রাসায়নিক সংকেত	রাসায়নিক নাম
ন্যাপথ্যালিন	বা C ₁₀ H ₈	ন্যাপথ্যালিন
টি.এন.টি		2, 4, 6 ট্রাইনাইট্রো টলুইন
ক্যাটকল		1, 2 ডাই হাইড্রক্সি বেনজিন
ক্রিনসোল		হাইড্রক্সি টলুইন
ডি.ডি.টি		প্যারা প্যারা ডাইক্লোরো ডাইফিনাইল টাইক্লোরো ইথেন
জাইলিন		ডাই মিথাইল বেনজিন
ফিটকিরি	K ₂ SO ₄ .Al ₂ (SO ₄) ₃ .24H ₂ O	পটাস অ্যালাম
পিকরিক এসিড		2, 4, 6 ট্রাইনাইট্রো ফেনল
প্যারাসিটামল		4-N-ইথানোয়িল অ্যামিনো ফেনল


Ans : D.



এক্ষেত্রে 'X' যৌগটি কোনটি?

- A. বিউটিন-1 B. বিউটিন-2 C. বিউটাইন-1 D. বিউটান্যাল

ব্যাখ্যা : অ্যালকোহলের প্রভাবকীয় নিরুদন : প্রায় 350°C-400°C তাপমাত্রায় উত্তপ্ত অ্যালুমিনা (Al₂O₃) বা থোরিয়া (ThO₂) পাউডারের উপর দিয়ে অ্যালকোহলের বাষ্পকে চালনা করলে এক অণু পানি অপসারিত হয়ে অ্যালকিন উৎপন্ন হয়।




Ans : A.

78 নিচের কোনটি জ্যামিতিক সমাপুতা প্রদর্শন করে?

- A. ClCH=CHCl B. CH₂=CHCl
C. CH₂=CH₂ D. Cl₂C=CH₂

ব্যাখ্যা : জ্যামিতিক সমাপুতার শর্ত :

- সাধারণত প্রতিস্থাপিত অ্যালকিনসমূহ এবং চক্রিক যৌগসমূহ জ্যামিতিক সমাপুতা প্রদর্শন করে।
- প্রতিস্থাপিত অ্যালকিনের জ্যামিতিক সমাপু দুটির সাধারণ সংকেত ab.c = c.ab যেখানে a ≠ b। তাদের একটি cis সমাপু এবং অপরটি trans সমাপু বলে।



Ans : A.

79. C₃H₈O এর কয়টি সমাপু সম্ভব?

- A. 2টি B. 4টি C. 5টি D. 3টি

ব্যাখ্যা :

	n	সংকেত	সমাপুর সংখ্যা
অ্যালকেন (C _n H _{2n+2})	4	C ₄ H ₁₀	2
	5	C ₅ H ₁₂	3
	6	C ₆ H ₁₄	5
	7	C ₇ H ₁₆	9
অ্যালকিন (C _n H _{2n})	3	C ₃ H ₆	2
	4	C ₄ H ₈	3
	5	C ₅ H ₁₀	6
অ্যালকাইন (C _n H _{2n-2})	4	C ₄ H ₆	2
	5	C ₅ H ₈	3
অ্যালকোহল ও ইথার (C _n H _{2n+2} O)	2	C ₂ H ₆ O	2
	3	C ₃ H ₈ O	3
	4	C ₄ H ₁₀ O	7
অ্যালডিহাইড, কিটোন ও অ্যালকিনের অ্যালকোহল (C _n H _{2n} O)	1	C ₂ H ₄ O	2
	2	C ₃ H ₆ O	4

Ans : D.

80. নিচের কোন অঞ্চলের IR বর্ণালীর সাহায্যে -COOH মূলকের

>C=O বন্ধন শনাক্ত করা যায়?

- A. (1300-1400) cm⁻¹ B. (1700-1730) cm⁻¹
C. (1600-1650) cm⁻¹ D. (1500-1600) cm⁻¹

ব্যাখ্যা : IR বর্ণালীর সাহায্যে কার্বকরী মূলক শনাক্তকরণ :

জৈব যৌগ	সংকেত	ব্যান্ডের সীমা অঞ্চল cm ⁻¹
অ্যালডিহাইড		1720-1740
কিটোন		1705-1725
কার্বক্সিলিক এসিড		1700-1730
অ্যামাইড		1640-1670
এসিড হ্যালাইড		1800
এস্টার		1730-1750
অ্যানহাইড্রাইট		1760 ব্যান্ড-1
অ্যানহাইড্রাইট		1810 ব্যান্ড-2

Ans : B.